আলমডাঙ্গায় ফ্রি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত

কুষ্টিয়ার মদিনা চক্ষু হাসপাতালের উদ্যোগে আলমডাঙ্গায় দিনব্যাপী ফ্রি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা তা’লীমুল কুরআন নূরানিয়া হাফিজিয়া মাদ্রাসা প্রাঙ্গণে দিনব্যাপী ফ্রি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টা থেকে এ চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়। সকালে মাদ্রাসা কমিটির সাধারণ সম্পাদক ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন আনুষ্ঠানিকভাবে প্রধান অতিথি হিসাবে এ ক্যাম্পের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মাদ্রাসা কমিটির অন্যতম সদস্য আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রুনু খন্দকার, কমিটির সদস্য আব্দুল হামিদ, হারুন অর রশিদ,রাসেল রেজা আহমেদ লাভলু, আমিন উদ্দিন।

ক্যাম্পে হাসপাতালের ডিপ্লোমা চক্ষু বিশেষজ্ঞ ডাঃ নাফিজ ইকবাল। তিনি শতাধিক রোগীকে বিনামূল্যে ব্যবস্থাপত্র ও ওষুধ দেন। এ সময় ৪ জন ছানি পড়া রোগীকে বাছাই করে বিনামূল্যে অপারেশনের জন্য কুষ্টিয়া মদিনা চক্ষু হাসপাতালে ভর্তি হওয়ার পরামর্শ দিয়েছেন।

মুজিবনগরে গণিত মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গণিত মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) বেলা ১১টার দিকে মুজিবনগর গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে বল্লভপুর অফিস প্রাঙ্গণে চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির

প্রোগ্রাম অফিসার এন. টন ফলুয়ারের সঞ্চালনায় সভাপতিত্ব করেন গুডনেইবারস মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুল ইসলাম এবং দারিয়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ আওলিয়া খাতুন।

অঙ্ক প্রতিযোগিতায় উপজেলার ১০টি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন শিক্ষার্থী অংশ নেন।

অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো হলো, মাঝপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, নাজিরাকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, জয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাগোয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ভবেরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়।

গণিত প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেন ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আফিয়া জয়নব সহি, দ্বিতীয় স্থান অর্জন করেন বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাদিয়া তাসনিম এবং তৃতীয় স্থান অর্জন করেন ভবেরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রিমন চৌধুরী।

আলমডাঙ্গায় পূজা উপলক্ষে আনসার ভিডিপি বাছাই কার্যক্রম অনুষ্ঠিত

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৫ উদযাপন উপলক্ষে আইনশৃঙ্খলা রক্ষার জন্য পিসি/এপিসি আনসার ভিডিপি সদস্য বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত

আলমডাঙ্গা উপজেলার আনসার ও ভিডিপি কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ মাঠে এ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

এ সময় আনসার ভিডিপি সদস্যরা লাইনে দাঁড়িয়ে নিজেদের কাগজপত্র যাচাই-বাছাই করান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলার আনসার ও ভিডিপি জেলা অ্যাডজুট্যান্ট আবুল হাসনাত মোঃ লতিফুল আলম। এছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক মাজিদুল হক, প্রশিক্ষিকা রওশন আরা খাতুন এবং উপজেলা আনসার ও ভিডিপি কোম্পানি কমান্ডার মুক্তার হোসেন।

জেলা অ্যাডজুট্যান্ট জানান, “আমরা প্রাথমিকভাবে কাগজপত্র যাচাই-বাছাই করছি। যাচাই শেষে যারা নিয়মের মধ্যে পড়বেন তাদের তালিকা জেলা পুলিশ সুপারের কাছে পাঠানো হবে। পরবর্তীতে পুলিশ ভেরিফিকেশন শেষে পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা হবে।” তিনি আরও বলেন, “আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে দায়িত্ব পালনের জন্য বাছাইকৃত সদস্যদের সুস্থ ও সুঠামদেহী হতে হবে এবং আনসার ভিডিপির সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি তারা অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে। মণ্ডপে যাতে শৃঙ্খলার অবনতি না ঘটে, এজন্য নির্বাচিত সদস্যরা সুশৃঙ্খলভাবে দায়িত্ব পালন করবেন।”

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার

ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা জামায়াতের আমীর নায়েব আলী।

এসময় উপজেলার বিজিবির বিভিন্ন ক্যাম্প কোম্পানির কমান্ডারবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, আইনশৃঙ্খলা রক্ষা শুধু প্রশাসনের একার দায়িত্ব নয়, এটি একটি সমন্বিত প্রচেষ্টা। জনসচেতনতা ও সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে পারলে মাদক, সন্ত্রাস ও চোরাচালান প্রতিরোধ সহজ হবে। অবৈধ দখল, জমি নিয়ে বিরোধ ও সামাজিক সমস্যাগুলো সমাধানে প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে। আইন সবার জন্য সমান—এ বিষয়ে কাউকে ছাড় দেওয়া হবে না। মাদক ও সন্ত্রাস দমনে পুলিশ নিরলসভাবে কাজ করছে। এ ক্ষেত্রে জনসাধারণের সহযোগিতা অপরিহার্য। জনগণ যদি তথ্য দিয়ে পাশে থাকে, তাহলে অপরাধী যে-ই হোক না কেন, আইনের আওতায় আনা হবে। সীমান্তবর্তী এলাকায় চোরাচালান একটি বড় চ্যালেঞ্জ।

এ বিষয়ে পুলিশ, বিজিবি ও প্রশাসন সমন্বিতভাবে কাজ করছে। শীঘ্রই এ ধরনের অপরাধ কার্যকরভাবে নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। রাজনৈতিক মতভেদ থাকলেও সমাজের কল্যাণে সবাইকে একসাথে কাজ করতে হবে। মাদক, সন্ত্রাস ও মানবপাচারের মতো সমস্যা কোনো রাজনৈতিক বিষয় নয়, এটি সামাজিক সমস্যা। তাই রাজনৈতিক দলগুলোর ঐক্যবদ্ধ ভূমিকা প্রয়োজন। আইনশৃঙ্খলা রক্ষা, মাদক প্রতিরোধ ও মানবপাচার রোধে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সংবাদপত্র সমাজের আয়না হিসেবে কাজ করে এবং মানুষের সচেতনতা তৈরিতে সহায়ক ভূমিকা রাখে। ধর্মীয় মূল্যবোধ মানুষকে সঠিক পথে চলতে সাহায্য করে। পরিবার থেকে সন্তানদের নৈতিক শিক্ষা দিলে তারা কখনো মাদক ও অপরাধে জড়াবে না। যুব সমাজকে সঠিকভাবে কাজে লাগাতে হবে। খেলাধুলা ও সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে তরুণ প্রজন্মকে ব্যস্ত রাখলে তারা অপরাধ থেকে দূরে থাকবে।

আলমডাঙ্গা প্রিমিয়ার লীগের

ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত

আলমডাঙ্গা প্রিমিয়ার লীগ (এপিএল) এর ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল আলমডাঙ্গা বিটিম মাঠে বিকালে এই ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। এই ফাইনাল ম্যাচে অংশ গ্রহণ করে ফাইদা গ্রুপ বন্ডবিল ও বাবুপাড়া কোবা রাইডার্স।

প্রথমে টসে জিতে কোবা রাইডার্স ১৫ ওভারে কোনো উইকেট না হারিয়ে ১০৫ রান তোলে। পরে ফাইদা গ্রুপ কোন উইকেট না হারিয়ে ১০৫ রান তুলে নেই অতি সহজেই। ম্যান অব দ্যা ম্যাচ হয় ফাইদা গ্রুপ দলের নাইম হোসেন, ম্যান অব দ্যা সিরিজ মাহাফুজ আহমেদ, সেরা ব্যাটসম্যান নির্বাচিত হন শাওন ও সেরা বোলার খালিদ।

ম্যাচ শেষে এপিএল ক্রিকেট টুর্নামেন্ট বিজয়ী দল ফাইদা গ্রুপ দলের হাতে ট্রফি তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম।

তিনি বলেন, খেলাধুলা জীবনের মানচিত্র পালটে দিতে পারে। জীবনের স্তম্ভিত পথকে গতিশীল করতে পারে। অপকর্মে অসামাজিক কর্মকাণ্ড থেকে মুক্তি দিতে পারে খেলাধুলা। তাই যুব সমাজের প্রতি আহব্বানে করি এসো মাঠে যায়, স্বপ্ন বুনি। এ দেশ, এ জাতীর প্রয়োজনে জীবন গড়ি।

মেহেরপুরে স্বর্গীয় দিলিপ

বাশফোড় স্মৃতি ফুটবল

টুর্নামেন্ট অনুষ্ঠিত

স্বর্গীয় দিলিপ বাশফোড়ের স্মরণে মেহেরপুরে একদিনব্যাপী ফুটবল টুর্নামেন্ট-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকালে মেহেরপুরের

গোভিপুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে দিনব্যাপী এ টুর্নামেন্টের আয়োজন করে মেহেরপুর হরিজন ফ্রেন্ডস ক্লাব ফুটবল একাদশ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন, মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও সাবেক পৌর বিএনপি’র সভাপতি মোঃ জাহাঙ্গীর বিশ্বাস।

বাংলাদেশ বাশফোড় হরিজন কল্যাণ পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি শ্রী মিঠু বাশফোড় এর সভাপতিত্বে টুর্নামেন্টে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নিজে ঢাদ কালচারাল একাডেমির সভাপতি রোকনুজ্জামান রোকন, বড়বাজারের দীর্ঘদিনের ব্যবসায়ী মোঃ শাহিনুল্লাহ, বাংলাদেশ হরিজন যুব ঐক্য পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি শ্রী জনি ভূইমালী প্রমুখ।

দিনব্যাপী প্রতিযোগিতায় স্থানীয় বিভিন্ন দল অংশ নেয়। প্রাণবন্ত খেলায় দর্শকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। টুর্নামেন্ট শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আইসিটি অধিদপ্তরের তত্ত্বাবধানে ৪০ দিনব্যাপী “ফ্রিল্যান্সিং ট্রেনিং অন ডিজিটাল মার্কেটিং এন্ড গ্রাফিক্স ডিজাইন” এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আইসিটি অধিদপ্তরের বাস্তবায়নে এবং মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ হলরুমে এই সমাপনী অনুষ্ঠিত হয়।

উক্ত সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সরকারি প্রোগ্রামার সুব্রত কুমার বিশ্বাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. খাইরুল ইসলাম।

এছাড়াও ৪০ দিনব্যাপী এই ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, রাসেল আহমেদ ও হারেজ উদ্দীন (হিরো)।

এ প্রশিক্ষণে মোট ২০ জন প্রশিক্ষণার্থী অংশ নেন। প্রশিক্ষনার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, মোঃ রাফি হাসান, তাজমির ইসলাম, পলক মিয়া ও জান্নাতুল ফেরদৌসসহ আরও অনেকে।

সমাপনী অনুষ্ঠানে ইউএনও মো. খায়রুল ইসলাম বলেন, “পড়ালেখার পাশাপাশি আধুনিক প্রযুক্তি নির্ভর দক্ষতা অর্জন সময়ের দাবি। শুধু সরকারি চাকরির স্বপ্ন নয়, দক্ষ ফ্রিল্যান্সার হয়ে ঘরে বসেই বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব। সরকার তরুণদের দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে নানা প্রকল্প হাতে নিয়েছে। আজ যারা সনদ পেয়েছেন, তারা যেন নিয়মিত চর্চা করে আত্মকর্মসংস্থান গড়ে তোলেন এবং অন্যদেরও কর্মসংস্থানের সুযোগ তৈরি করেন। মেহেরপুরের তরুণরা যদি আইটি দক্ষতায় এগিয়ে আসে, তবে বেকার সমস্যা কমবে এবং একদিন মেহেরপুরই ফ্রিল্যান্সিং হাবে পরিণত হবে।”

অনুষ্ঠান শেষে সকল প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান করা হয়।

ঝিনাইদহে ঐতিহ্যবাহী সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

কালের বিবর্তনে গ্রামবাংলার বহু ঐতিহ্যবাহী খেলাধুলা আজ হারিয়ে যেতে বসেছে। একসময় বিভিন্ন মৌসুমে গ্রামে-গঞ্জে নানা খেলাধুলার আয়োজন হতো, যার অধিকাংশই এখন আর দেখা যায় না। তবে সেই হারিয়ে যাওয়া ঐতিহ্যকে ধরে রাখতে ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার কাপাসহাটিয়া ইউনিয়নের দারিয়াপুর গ্রামে অনুষ্ঠিত হলো সাঁতার প্রতিযোগিতা।

গতকাল রবিবার দুপুর ৩টায় দারিয়াপুর গ্রামের যুবসমাজের উদ্যোগে নবগঙ্গা নদীতে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতার দূরত্ব নির্ধারণ করা হয় ৬০০ মিটার।

প্রতিযোগিতায় বিভিন্ন এলাকা ও বিভিন্ন পেশার সাধারণ মানুষ অংশ নেন। মোট ৩০ জন প্রতিযোগীর মধ্যে ১০ জনকে বিজয়ী হিসেবে নির্বাচিত করা হয়।

প্রতিযোগিতায় ১ম স্থান অর্জন করেন দারিয়াপুর গ্রামের রনি, ২য় স্থান অর্জন করেন চাঁদপুরের সোহেল, ৩য় স্থান অর্জন করেন চাঁদপুরের নয়ন। এছাড়াও আরও ৭ জনকে পুরস্কৃত করা হয়। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হলে উৎসবমুখর পরিবেশে। গ্রামবাসী এই আনন্দঘন পরিবেশ উপভোগ করেন এবং ভবিষ্যতেও এধরনের প্রতিযোগিতা দেখতে চাওয়ার আকাঙ্খা ব্যক্ত করেন।

আয়োজনের সার্বিক সহযোগিতায় ছিলেন, আরশাদুল ইসলাম (ময়ূর) ও রাজ আক্তার। রেফারির দায়িত্ব পালন করেন, সেকেন্দার আলী। এছাড়া সহযোগিতায় ছিলেন জাহাঙ্গীর হোসেন, নাহিদ হাসান, বাসার আহমেদ, শিহাব হোসেন, মানিক মোল্লা প্রমুখ।

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামীর উদ্যোগে নির্বাচনী পোলিং এজেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা-১ আসনের মনোনীত প্রার্থী ও জেলা সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল বলেছেন, কোনো হুমকি-ধামকি কিংবা ভয়ভীতি দেখিয়ে জামায়াতের এই গণজোয়ারকে থামানো যাবে না।

আজ শুক্রবার সকালে আলমডাঙ্গার হাজী মোড়স্থ লায়লা কনভেনশন হলে উপজেলা জামায়াতের উদ্যোগে কেন্দ্রভিত্তিক প্রধান পোলিং এজেন্টদের নিয়ে আয়োজিত কর্মশালায় তিনি এ কথা বলেন। অ্যাডভোকেট রাসেল আরও বলেন, আমাদের অনেক ভাইকে গুম, ক্রসফায়ার ও ফাঁসির মাধ্যমে হত্যা করা হয়েছে, তবুও আমরা পিছপা হইনি। আমাদের লক্ষ্য একমাত্র আল্লাহর সন্তুষ্টি। তিনি পোলিং এজেন্টদের উদ্দেশ্যে বলেন, প্রত্যেক কেন্দ্রে পোলিং এজেন্টদের অগ্রণী ভূমিকা পালন

করতে হবে। যেকোনো পরিস্থিতি মোকাবেলায় সর্বোচ্চ সজাগ থাকতে হবে।

অনুষ্ঠানে জেলা যুব বিভাগের সভাপতি শেখ নুর মুহাম্মদ হুসাইন টিপুর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা সহকারী সেক্রেটারী ও আইবিডব্লিউএফ সভাপতি আব্দুল কাদের, আইন-আদালত বিষয়ক সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, উপজেলা আমীর প্রভাষক শফিউল আলম বকুল, পৌর আমীর মাহের আলী, নায়েবে আমীর ইউসুফ আলী মাস্টার, থানা সেক্রেটারী মামুন রেজা, যুব সেক্রেটারী তরিকুল ইসলাম এবং তারবিয়াত সেক্রেটারী বিলাল হোসাইন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচনী সদস্য সচিব কাইয়ুম উদ্দিন হিরক।

“মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

গাংনীতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়।

নগর উন্নয়ন অধিদপ্তর ও উপজেলা প্রশাসন আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো: আনোয়ার হোসেন। সেমিনারে নগর উন্নয়ন নিয়ে বিভিন্ন গঠনমূলক বক্তব্য দেন গাংনী উপজেলার রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান, গণমাধ্যমকর্মীসহ বিভিন্ন শ্রেনী-পেশার মানুষ।

এসময় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক (পিডি) আহম্মেদ আকতারুজ্জামান, ব্যাবস্তাপক, মো সাইফুর রহমান, ইয়ারুন নেছা ও পরামর্শক প্রতিনিধি উপস্থিত ছিলেন।